গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

আটপাড়া, নেত্রকোণা

www.atpara.netrokona.gov.bd

নম্বর- ০৫.৪৫৭২০৪.০০০.৯৯.০১৯.২৫-১১৩৫

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১ অনুযায়ী "প্রতিটি জেলা ও উপজেলায় ০১টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প" এর অধীনে নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | পেশ ইমাম | ০১ (এক) টি | ১৫,০০০/- | • ২য় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>• হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>• আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে<br>• বয়স অনূর্ধ্ব ৪৫ বছর হতে হবে। |
| ২. | মুয়াজ্জিন | ০১ (এক) টি | ১০,০০০/- | • ২য় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>• হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>• বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। |
| ৩. | খাদিম | ০২ (দুই) টি | ৭,৫০০/– | • ২য় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত।<br>• শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>• সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদেম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>• বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। |

**শর্তাবলী:**

০১. প্রার্থীদের অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০২. নির্ধারিত আবেদন ফরম স্বহস্তে/কম্পিউটারে টাইপ করে পূরণ করে প্রার্থীর স্বাক্ষরসহ আবেদন দাখিল করতে হবে। উক্ত আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি উপজেলা প্রশাসনের ওয়েবসাইট www.atpara.netrokona.gov.bd এ পাওয়া যাবে।

আজকের পত্রিকা

০৩. আবেদন আগামী ১৫.০১.২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে সরাসরি/রেজিষ্ট্রি ডাকে জমা প্রদান করতে হবে। ধার্য তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৪. নির্ধারিত আবেদনপত্রে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত উল্লেখ থাকতে হবে।

০৫. আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণার অনুকূলে সোনালী ব্যাংক লি. এর যেকোন শাখা হতে পেশ ইমাম ৫০০ (পাঁচশত) টাকা, মুয়াজ্জিন ৪০০ (চারশত) টাকা ও খাদিম পদের জন্য ৩০০ (তিনশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৬. নিয়োগের ক্ষেত্রে জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১ সহ অন্যান্য বিধিবিধান প্রযোজ্য হবে।

০৭. কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।

০৮. এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত কেউ আবেদন করতে পারবে না। মসজিদে দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করে এমন কোন চাকরীতে নিয়োজিত কেউ আবেদন করতে পারবে না।

০৯. নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের প্রথম দুই বছর চাকুরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।

১০. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
(ক) প্রার্থীর সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি (খ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্বের সনদপত্র (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (ঘ) জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (চ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

১১. ৩০.১১.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স নির্ধারিত হবে এবং বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১২. নিয়োগের ক্ষেত্রে বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৩. নির্ধারিত ফরম ব্যতীত অথবা অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৪. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১৫ টাকার ডাকটিকিট যুক্ত ৪.৫x১০ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর প্রার্থীর নাম ও পদের নাম উল্লেখ করতে হবে।

১৭. ইতোপূর্বে উল্লিখিত পদে যেসকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৮. আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৯. কোনো প্রকার সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

২০. এ নিয়োগ প্রকল্প মেয়াদ সময়ের জন্য প্রযোজ্য হবে এবং প্রকল্পের মেয়াদ শেষে চাকুরীকাল সমাপ্ত বলে গণ্য হবে।

২১. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আবেদনপত্র গ্রহণ/ বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণ করা হবে না।

২২. কোনো কারণ দর্শানো ছাড়াই নিয়োগ পরীক্ষা স্থগিত বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩০/১২/২০২৫

(মোঃ শাহনূর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
আটপাড়া, নেত্রকোণা

3X7''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

হোসেনপুর, কিশোরগঞ্জ

www.hossainpurkishoreganj.mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৪৮২৭.০০০.২০.০১০.২৪-১১৯৬ তারিখ: ৩০-১২-২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ জেলাধীন হোসেনপুর উপজেলায় নিম্ন বর্ণিত ইউনিয়ন/ওয়ার্ডে মহল্লাদার এর শূন্য পদে (পুরুষ/মহিলা) সরাসরি নিয়োগের মাধ্যমে গ্রামপুলিশ নিয়োগ করা হবে। নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীগণকে আগামী ১১-০১-২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্ন ঠিকানায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন |
|---|---|---|---|---|
| ০৩ নং গোবিন্দপুর | ৯ | মহল্লাদার | ০১ (এক) | সরকারি অংশ = ৩,৭৫০/- |
| ০৫ নং শাহেদল | ৫ | মহল্লাদার | ০১ (এক) | ইউপি অংশ = ৩,৭৫০ |

**শর্তাবলী :**

১। মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর শারীরিক যোগ্যতা- পুরুষ : সর্বনিম্ন উচ্চতা-৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন সর্বনিম্ন ৫০ কেজি; মহিলা : সর্বনিম্ন উচ্চতা-৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন সর্বনিম্ন ৪৫ কেজি।

২। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। মহল্লাদার পদে প্রার্থীর বয়স ১১-০১-২০২৬ তারিখে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর হতে হবে।

৪। প্রার্থীকে শারীরিক ও মানসিক যোগ্যতাসম্পন্ন এবং ভালো স্বাস্থ্যের অধিকারী হতে হবে।

৫। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৬। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়ন বা সম্ভব হলে ওয়ার্ড হতে নিয়োগ প্রদান করা হবে।

নতুন খবরের দৈনিক আমাদের সময়

৭। মহল্লাদার শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে। (পোষ্য হলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পোষ্য সনদ সংযুক্ত করতে হবে)

৮। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর (যদি থাকে), জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (১১-০১-২০২৬ তারিখে) ও শিক্ষাগত যোগ্যতা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৯। আবেদনের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র (নামযুক্ত সীল থাকতে হবে), জন্ম নিবন্ধন সনদ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র বা সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি এবং আবেদনের সাথে দাখিলকৃত সনদপত্রসমূহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১০। ০১/০১/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন আবেদনপত্র ডাকযোগে/সরাসরি গ্রহণ করা হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে প্রার্থীর নিজস্ব ঠিকানা (ডাক যোগাযোগের ঠিকানা) স্পষ্টাক্ষরে ৯.৫ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি খামের উপরে ১০/- (দশ) টাকা মূল্যের ডাকটিকেটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১১। বীর মুক্তিযোদ্ধা, এতিম ও প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি, পোষ্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৩। আবেদন গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণ করা হবে না।

(কাজী নাহিদ ইভা)
উপজেলা নির্বাহী অফিসার
হোসেনপুর, কিশোরগঞ্জ

জিডি-২১১৫/১২/২৫ (৪´×৫)